

তারিখ... 10 MAY 2009
পৃষ্ঠা... ৭

বাহারামপুর ডিগ্রি কলেজ
প্রবেশপত্র ফি ৬০০ টাকা!

বাহারামপুর (স্রোমণবাড়িয়া) প্রতিনিধি

বাহারামপুর ডিগ্রি কলেজের ডিগ্রি পরীক্ষার্থীদের প্রবেশপত্রের ফি ৬০০ টাকা নির্ধারণ করা হয়েছে। গত বৃহস্পতিবার, কলেজের শিক্ষকমণ্ডলীসহ পরিচালনা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। এ সিদ্ধান্তে কোভ প্রকাশ করেছেন পরীক্ষার্থীরা।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এ বছর বাহারামপুর ডিগ্রি কলেজ থেকে পরীক্ষায় ১২০ জন অংশ নিচ্ছেন। এ বছর এ কলেজের পরীক্ষার্থীরা কুমিল্লার হোমনা ডিগ্রি কলেজ কেন্দ্রে পরীক্ষা দেবেন।

পরীক্ষার্থী মোজাম্মেল হকের অভিযোগ, ফরম ফিলাপের সময় আনুষ্ঠানিক পরিশোধ করার পরও এখন

প্রবেশপত্র নেওয়ার সময় কেন্দ্র ফি আনতে ৬০০ টাকা করে নেওয়া হচ্ছে। আরেক পরীক্ষার্থী জামিদ উদ্দিন বলেন, আট বছর পর বাহারামপুর ডিগ্রি কলেজে কেন্দ্র পুনর্বিবেচনা করতে অনেক টাকা ব্যয় (ঘৃণ) হয়েছে বলে শিক্ষকেরা প্রতি প্রবেশপত্রে ৬০০ টাকা করে নিচ্ছেন।

অন্যদিকে অধ্যক্ষ মফিজুল ইসলাম টাকা নেওয়ার কথা স্বীকার করে বলেন, কেন্দ্রের প্রয়োজনীয় ব্যয় মেটাতেই এই টাকা নেওয়া হচ্ছে। সব শিক্ষক ও ইউএনও মিলেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কলেজের পরিচালনা কমিটির সভাপতি ও ইউএনও শেখ হাবিব আহমাদ খান বলেন, পরীক্ষা কেন্দ্রের ব্যয় বিবেচনা করেই এই টাকা নির্ধারণ করা হয়েছে।